দৈনিক বাংলা

তারিখ ... 10 JUL 1986 ...
পৃষ্ঠা ... 1 কলাম ... f ...

102



তিন ডেপুটি প্রধানমন্ত্রী মওদুদ আহমদ, এম এ মতিন, কাজী জাফর ও অন্য মন্ত্রীদের শপথ বাক্য পাঠ করান

# মিজান চৌধুরী প্রধানমন্ত্রী

## ৩ জন উপপ্রধানমন্ত্রীসহ ২৬ জন মন্ত্রী ৬ জনপ্রতিমন্ত্রী ৩ জন উপমন্ত্রী

গনি স্বপন, সুনীল গুপ্ত ও আনোয়ার জাহিদ।

প্রেসিডেন্ট তাঁর মন্ত্রিসভায় ছয়জন প্রতিমন্ত্রী ও তিনজন উপমন্ত্রীও নিয়োগ করেছেন। প্রতিমন্ত্রীরা হচেছন: জাফর ইমাম, মেসবাহউদ্দিন আহমদ বাবলু, শেখ শহীদুল ইসলাম মোজাফফর হোসেন, এম এ সাত্তার এবং বি কে দেওয়ান।

উপমন্ত্রীরা হচেছন: জিয়াউদ্দিন আহমদ বাবলু, বেগম মমতা ওহাব এবং এ এফ এম ফখরুল ইসলাম।

গতকাল বিকালে বঙ্গভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে প্রেসিডেন্ট এরশাদ নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ গহণ করান। শপথ গহণ অনুষ্ঠানে দুই উপপ্রধান সামরিক আইন প্রশাসক রিয়ার এডমিরাল সুলতান আহমদ ও এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ, অস্থায়ী স্পীকার জনাব শামসুল হুদা চৌধুরী সংসদ সদস্যবৃন্দ, রাজনীতিবিদ, বিচারপতিবৃন্দ, কূটনীতিক এবং পদস্থ সরকারী ও সামরিক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পূর্ববর্তী মন্ত্রিপরিষদের ১৫ জন সদস্য নতুন মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত হয়েছেন। জনাব হাশিমউদ্দিন আহমদ, মীর্জা রুহুল আমিন, জনাব মমিনউদ্দিন আহমদ ও মওলানা মান্নান নতুন সদস্য হিসেবে মন্ত্রিসভায় এসেছেন। অপর তিন-সদস্য জনাব শফিকুল গনি স্বপন, শ্রী সুনীল গুপ্ত ও জনাব আনোয়ার জাহিদ পূর্ববর্তী মন্ত্রিপরিষদে প্রতিমন্ত্রী ছিলেন।

নতুন প্রতিমন্ত্রীদের মধ্যে জনাব জাফর ইমাম পূর্ববর্তী মন্ত্রিপরিষদেও প্রতিমন্ত্রী ছিলেন। এছাড়া জনাব মেসবাহউদ্দিন বাবলু



প্রেসিডেন্ট এইচ এম এরশাদ গতকাল প্রধানমন্ত্রী মিজানুর রহমান চৌধুরী,

# নয়া মন্ত্রিসভার শপথ গ্রহণ:

(স্টাফ রিপোর্টার)

জনাব মিজানুর রহমান চৌধুরীকে প্রধানমন্ত্রী করে প্রেসিডেন্ট এরশাদ ২৬ সদস্যের নতুন মন্ত্রিসভা গঠন করেছেন। গতকাল বুধবার বিকালে এই নতুন মন্ত্রিসভা শপথ গ্রহণ করেছে।

মন্ত্রিসভায় তিনজন উপপ্রধানমন্ত্রী নিযুক্ত হয়েছেন যথাক্রমে জনাব মওদুদ আহমদ, ডাঃ এম এ মতিন ও কাজী জাফর আহমদ।

এই মন্ত্রিসভা গঠনের মধ্য দিয়ে নির্বাচন পরবর্তী একটি সাংবিধানিক সরকার গঠনের কাজ সম্পন্ন হলো। স্থগিত সংবিধানের পুনরুজ্জীবিত সংশিলষ্ট ধারাবলে এই মন্ত্রিসভা গঠনের আগে প্রেসিডেন্ট এরশাদ ১৯৮২ সালের সামরিক বিধিবলে গঠিত তাঁর পূর্ববর্তী মন্ত্রিপরিষদ ভেঙ্গে দেন।

নতুন মন্ত্রিসভার সদস্য নিযুক্ত হয়েছেন: বিচারপতি এ কে এম নুরুল ইসলাম, মেজর জেনারেল (অব) এম শামসুল হক, মেজর জেনারেল (অব) মহব্বত জান চৌধুরী, মেজর জেনারেল (অব) এম এ মুনীম, মেজর জেনারেল (অব) মাহমুদুল হাসান, এয়ার ভাইস মার্শাল (অব) কে এম আমিনুল ইসলাম, শাহ মোয়াজ্জেম হোসেন, এম এ সাত্তার, আনিসুল ইসলাম মাহমুদ, সিরাজুল হোসেন খান, রাবিয়া ভূঁইয়া, আনোয়ার হোসেন, হুমায়ুন রশীদ চৌধুরী, সালাহউদ্দিন কাদের চৌধুরী, এ কে এম মাইদুল ইসলাম, হাশিমউদ্দিন আহমদ, মীর্জা রুহুল আমীন, মমিনউদ্দিন আহমদ, মওলানা এম এ মান্নান, শফিকুল



ও শেখ শহীদুল ইসলাম ছিলেন উপমন্ত্রী। প্রতিমন্ত্রী হিসেবে নতুন এসেছেন জনাব মোজাফফর হোসেন, এম এ সাত্তার ও বি কে দেওয়ান।

উপমন্ত্রী পদে জনাব জিয়াউদ্দিন বাবলু ছাড়া বেগম মমতা ওহাব ও এ এফ এম ফখরুল ইসলাম—এ দুজনই নতুন নিযুক্ত হয়েছেন।

**মন্ত্রী মর্যাদায় উপদেষ্টা**

প্রেসিডেন্ট এরশাদ পূর্ববর্তী

( ৫-এর পৃঃ দ্রঃ )

### নয়া মন্ত্রিসভা

(১ম পৃঃ পর)

মন্ত্রিপরিষদের যুব ও ক্রীড়া বিষয়ক মন্ত্রী জনাব জাকির খান চৌধুরীকে প্রেসিডেন্টের মুক্তিযোদ্ধা বিষয়ক উপদেষ্টা নিয়োগ করেছেন। তিনি একজন মন্ত্রীর পদমর্যাদা ও সুযোগ-সুবিধা ভোগ করবেন।

এছাড়া প্রেসিডেন্টের অর্থ বিষয়ক উপদেষ্টা জনাব এম সাইদুজ্জামান একজন মন্ত্রীর পদমর্যাদা ও সুযোগ-সুবিধায় অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে বহাল থাকবেন।

জাতীয় পার্টির মনোনয়ন

# শামসুল হুদা চৌধুরী স্পীকার : কোরবান আলী ডেঃ স্পীকার

(স্টাফ রিপোর্টার)

নতুন মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত হননি পূর্ববর্তী মন্ত্রিপরিষদের



শামসুল হুদা চৌধুরী



কোরবান আলী

এমন চারজন সদস্য সংসদের ৪টি গুরুত্বপূর্ণ পদে নিযুক্ত হতে যাচেছন বলে সংশিলষ্ট সূত্র থেকে বলা হয়েছে।

জানা গেছে, পূর্ববর্তী মন্ত্রিপরিষদের ধর্ম বিষয়ক মন্ত্রী ও সংসদের বর্তমান অস্থায়ী স্পীকার জনাব শামসুল হুদা চৌধুরীকে স্থায়ীভাবেই স্পীকার নির্বাচন করার জন্যে জাতীয় পার্টির সংসদীয় দল সিদ্ধান্ত গ্রহণ করেছে।

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

### শামসুল হুদা

(১ম পৃঃ পর)

ডেপুটি স্পীকার নির্বাচিত হতে যাচেছন পূর্ববর্তী মন্ত্রিপরিষদের শ্রম ও জনসম্পদ বিষয়ক মন্ত্রী জনাব কোরবান আলী। আজ জাতীয় সংসদের উদ্বোধনী অধিবেশনেই এই নির্বাচন অনুষ্ঠিত হবে।

জাতীয় পার্টি সংসদীয় দল প্রেসিডেন্টের সামরিক উপদেষ্টা জনাব টি আই এম ফজলে রাব্বী চৌধুরীকে চীফ হুইপ পদে নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে।

হুইপ পদে নিযুক্ত হতে যাচ্ছেন পূর্ববর্তী মন্ত্রিপরিষদের অন্যতম প্রতিমন্ত্রী জনাব মোস্তাফা জামাল হায়দার। হুইপ থাকবেন মোট পাঁচজন। এই পদে আর যে চারজনের নাম শোনা যাচেছ তাঁরা হচেছন: ডাঃ মইনুদ্দিন আহমদ, সৈয়দ মোহাম্মদ কায়সার, টি এম গিয়াসউদ্দিন ও বেগম হাসিনা বানু শিরিন।